

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৬১.২৫.৪৪৯

বিষয়: মুনস ডিজাইন স্টুডিও নামক ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-১১১৯ তারিখঃ ০৫/১১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মুনস ডিজাইন স্টুডিও, অফিস: হোল্ডিং নং-১০৮, (৬ষ্ঠ তলা), রোড-১১, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩ ও কারখানাঃ হোল্ডিং নং-২৯৯/২, কলমেস্বর, বোর্ড বাজার, জা: বি: বি:, গাছা, গাজীপুর নামক কারখানাটি ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি/০০০১৪২১-২৫, তারিখ-২৯/১০/২০২৫খ্রি: এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নিট) ও এমব্রয়ডারী। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নিট) ও এমব্রয়ডারী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	যান্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
তৈরি পোশাক (নিট) ও এমব্রয়ডারী	তালিকা সংযুক্তি	২,২৫,০০,০০০/- (দুই কোটি পঁচিশ লক্ষ) টাকা মাত্র।	৪,৫০,০০,০০০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে মুনস ডিজাইন স্টুডিও নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নিট) ও এমব্রয়ডারী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে উপরোক্ত ছক মোতাবেক ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তি: বর্ণনামতে।



১৬-১১-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৬১.২৫.৪৪৯/১ (৬)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। স্বত্বাধিকারী, মুনস ডিজাইন স্টুডিও, অফিস: হোল্ডিং নং-১০৮, (৬ষ্ঠ তলা), রোড-১১, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩ ও কারখানাঃ হোল্ডিং নং-২৯৯/২, কলমেশ্বর, বোর্ড বাজার, জা: বি: বি:, গাছা, গাজীপুর।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। অফিস কপি।



১৬-১১-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক